

“ছেলে হোক, মেয়ে হোক,
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারী
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫



তারিখঃ ২১/১১/২০২১খ্রিঃ

স্মারক নং-পপঅ/এফএসডি/১৩(১)(বিবিধ)২০১৯-২০/ ৫০৪

বিষয়ঃ দেশব্যাপী পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ-২০২১ উপলক্ষে নির্দেশনা।

আগামী ১৮-২৩ ডিসেম্বর ২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন করা হবে। এবারের সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে- “পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা গ্রহণ করি, বাল্যবিয়ে ও অনাকাঙ্ক্ষিত গর্ভধারণ রোধ করি”। যে সকল দম্পতির ক্ষেত্রে স্ত্রীর বয়স ১৮ বছরের কম এবং স্বামীর বয়স ২১ বছরের কম তাদেরকে কৈশোর দম্পতি বলা হয়। বাংলাদেশে মেয়েদের গড় বিয়ের বয়স ১৬.১ বছর। বাংলাদেশে এখনো শতকরা ৫৯ ভাগ বাল্যবিয়ে সংঘটিত হয় এবং ৫০ ভাগের ও বেশী অনাকাঙ্ক্ষিত গর্ভধারণ হয়। কিশোরী মেয়েদের মধ্যে ৩১% মহিলা গর্ভধারণ করে। কৈশোর দম্পতিদের মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার অন্য বয়সীদের থেকে কম (শতকরা ৪৬ ভাগ)। তাছাড়া এ বয়সে পরিবার পরিকল্পনা অপূর্ণ চাহিদার হার প্রায় ১৭%। একটি মেয়েকে ১৮ এবং ছেলেকে ২১ বছরের আগে বিয়ে না দেওয়া, ২০ বছরের আগে সন্তান না নেওয়া এবং ২০ বছরের পরে কমপক্ষে ৩ বছরের ব্যবধানে দুটি সন্তান নেওয়া বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অপারেশনাল প্ল্যানসমূহে নির্দেশনা রয়েছে।


উপর্যুক্ত সময়ের আগে অর্থাৎ স্ত্রীর ২০ বছর হওয়ার আগে সন্তান গ্রহণ করলে মা ও শিশুর নিম্নলিখিত সমস্যাগুলো হতে পারেঃ

- ২০ বছর হওয়ার আগে স্ত্রীর কোমড়ের হাড় (পেলভিক ক্যাভিটি) পুরোপুরি উপযোগী না হওয়াতে বাচ্চা বেড়ে ওঠার জন্য যথেষ্ট জায়গা পায়না।
- এ সময় স্ত্রীর প্রসব রক্তা ছোট থাকে এবং এ কারণে বাচ্চা হবার সময় প্রসব রক্তা ছিঁড়ে যেতে পারে।
- প্রসবের রক্তা ছোট থাকার কারণে প্রসবের সময় অতিরিক্ত চাপে বাচ্চার শারিরীক ও মানসিক সমস্যার কারণ হতে পারে।
- গর্ভ ও প্রসবজনিত জটিলতা হতে পারে, ফলে মা ও শিশুর মৃত্যুবুঁকি বেড়ে যায়।
- মা ও গর্ভের শিশু দুজনেই অপুষ্টিতে ভোগার সম্ভাবনা থাকে এবং কম ওজনের শিশুর জন্ম হার বেশী হয়, যার রোগ প্রতিরোধ ক্ষমতাও কম থাকে।
- গর্ভপাতের ঝুঁকি থাকে।

উপরোক্ত প্রতিপাদ্য বিষয়ের আলোকে পরিবার পরিকল্পনা-ফিল্ড সার্ভিসেস ডেলিভারীর পক্ষ থেকে আসন্ন সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষে পরিবার পরিকল্পনা কার্যক্রম বৃদ্ধির বিষয়ে নিম্নলিখিত নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হলো-

- ১৮ এবং ২১ বৎসরের আগে (মেয়ে/ছেলেদের) বিয়ের কুফল সম্পর্কে জনসাধারণকে অবহিত করা;
- কৈশোরকালে গর্ভধারণের পরিনতি সম্পর্কে জনসাধারণকে অবহিত করা;
- ১৯ বছর বা তার কম বয়সী দম্পতিদের মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার বৃদ্ধির যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
- ১৯ বছর বা তার কম অর্থাৎ কৈশোরকালীন মাতৃত্ব রোধ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
- অনাকাঙ্ক্ষিত গর্ভধারণ রোধ করতে পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার ৭৫% ভাগে উন্নীত করার পাশাপাশি ড্রুপ-আউট এর হার ২০% ভাগ এবং অপূর্ণ-চাহিদার হার ১০% ভাগে হ্রাস করার জন্য ব্যাপক প্রচার ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;
- ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন উপলক্ষে কেন্দ্র পরিষ্কার পরিচ্ছন্ন করা, জাঁকজমকভাবে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য সেবা প্রদান করা। এলক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বরাদ্দকৃত (প্রতিমাসে ৭০০/- টাকা) টাকা হতে খরচের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
- সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন উপলক্ষে মাঠ পর্যায়ে অনুষ্ঠিতব্য স্যাটেলাইট ক্লিনিকগুলো যথাসম্ভব উৎসাহ ও উদ্দীপনার সাথে উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত করা;
- মাঠ পর্যায়ের কর্মীগণকে স্থানীয় জনপ্রতিনিধি, ধর্মীয় নেতৃবৃন্দ, স্থানীয় সুধিজন এবং ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়া সাথে সমন্বয় করে সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন করার ব্যবস্থা গ্রহণ করা এবং
- পরিবার পরিকল্পনার স্বল্পমেয়াদী পদ্ধতির (কনডম, খাবার বড়ি, ইনজেকটেবলস) গ্রহণের হার প্রক্ষেপন অনুযায়ী বৃদ্ধির পাশাপাশি ড্রুপ-আউট এর হার এবং অপূর্ণ চাহিদার হার হ্রাস করা।

উপরোক্ত নির্দেশনাগুলো অনুসরণপূর্বক সেবা ও প্রচার সপ্তাহ উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ আমিনুল ইসলাম)

পরিচালক (অর্থ) ও লাইন ডাইরেক্টর
ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারী

ফোনঃ ০২-৫৫০১২৩৪৭ (অফিস)

Email: fsdpfp@gmail.com

উপপরিচালক
পরিবার পরিকল্পনা (সকল)।

স্মারক নং-পপঅ/এফএসডি/১৩(১)(বিবিধ)২০১৯-২০/

তারিখঃ ১১/১১/২০২১খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। পরিচালক/লাইন ডাইরেক্টর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ২। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/খুলনা/রাজশাহী/রংপুর ও ময়মনসিংহ বিভাগ।
- ৩। আঞ্চলিক সুপার ভাইজার (এফপিএসটি-কিউএটি), অঞ্চল।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

(মোঃ নিয়াজুর রহমান)

প্রোগ্রাম ম্যানেজার

ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারী